15 MAY 1997
তারিখ ...
পৃষ্ঠা: ৭ কলাম ১

দৈনিক বাংলা

23

# দেশের পাঁচশ বেসরকারী স্কুলে বৃত্তিমূলক প্রশিক্ষণ চালু করা হবে

স্টাফ রিপোর্টার ঃ শিক্ষামন্ত্রী এ এম এইচ কে সাদেক মঙ্গলবার জাতীয় সংসদে বলেন যে, দেশের পাঁচশ বেসরকারী স্কুলে বৃত্তিমূলক প্রশিক্ষণের কোর্স চালু করার কর্মসূচী গ্রহণ করা হয়েছে। মন্ত্রী মঙ্গলবার সংসদে বেসর-কারী সদস্য দিবসে একটি বেসরকারী সিদ্ধান্ত প্রস্তাব আলোচনার জবাব দিচ্ছিলেন। মন্ত্রী আরও বলেন যে, উচ্চ মাধ্যমিক পর্যায়ে দু'শ বেসরকারী কলেজ ব্যবসা-বাণিজ্য সংক্রান্ত বৃত্তিমূলক প্রশিক্ষণ কোর্স প্রবর্তন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

চট্টগ্রাম জেলার বাঁশখালী থানায় একটি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠা স্থাপনের দাবী জানিয়ে এ বেসরকারী সিদ্ধান্ত প্রস্তাবটি সংসদে উত্থাপন করেছিলেন জাফরুল ইসলাম চৌধুরী। শিক্ষামন্ত্রী জানান যে, দেশে কারিগরিও বৃত্তিমূলক শিক্ষা বিস্তারের লক্ষ্যে পর্যায়ক্রমে প্রতি জেলায় একটি করে পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপন করা হবে। পরবর্তীতে থানা পর্যায়ে পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপন করা হবে।

উল্লেখ্য, মঙ্গলবার সংসদের বেসর-কারী সদস্য দিবসে ৫টি বেসরকারী সিদ্ধান্ত প্রস্তাব উত্থাপিত হয়। এর মধ্যে ৪টি প্রস্তাব আলোচনার পর সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রিগণ প্রস্তাবে উল্লিখিত সিদ্ধান্ত প্রস্তাব বিবেচনা করার আশ্বাস প্রদান করলে প্রস্তাবের উত্থাপকগণ তাদের প্রস্তাব প্রত্যাহার করেন।

একটি সিদ্ধান্ত প্রস্তাবের উত্থাপক সদস্য এহসানুল হক মোল্লা প্রস্তাব আলোচনার সময় সংসদে উপস্থিত না থাকায়, তাঁর প্রস্তাবটি আলোচনা করা হয়নি।